

ক্র.নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি
(১)	(২)	(৩)
১.	গবাদি-পশুর চিকিৎসা প্রদান	১। কৃষক/খামারী/গবাদি-পশুর মালিকগণ অসুস্থ গবাদি-পশুকে হাসপাতালে নিয়ে আসেন ও রেজিস্ট্রেশন করেন এবং চিকিৎসার জন্য আবেদন করেন। ২। অতঃপর প্রাণি-হাসপাতালে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে রোগ নির্ণয় করার পর প্রয়োজনীয় ব্যবস্থাপত্রসহ ঔষধ প্রাপ্তি সাপেক্ষে ঔষধ প্রদান করা হয়।
২.	গবাদি-পশুর কৃত্রিম প্রজনন	১। কৃষক/খামারী/গবাদি-পশুর মালিকগণ গাভী গরম হওয়ার পর গাভীকে কৃত্রিম প্রজনন কেন্দ্রে নিয়ে আসেন এবং কৃত্রিম প্রজননের জন্য আবেদন করেন। ২। কৃষক/খামারী/গবাদি-পশুর মালিকগণ গাভী গরম হওয়ার ৮-১০ ঘন্টা পর কৃত্রিম প্রজনন কেন্দ্রে নিয়ে আসেন। ৩। কৃত্রিম প্রজনন কেন্দ্রে রেজিস্টারভুক্ত করনের পর উপযুক্ত পরীক্ষা-নিরীক্ষা করা হয়। তারপর সরকার নির্ধারিত ফি আদায়ের পর নিয়ম অনুযায়ী কৃত্রিম প্রজনন করানো হয়।
৩.	গবাদি-পশুর টিকা দান	১। কৃষক/খামারী/গবাদি-পশুর মালিকগণ তাদের গবাদি-পশুসমূহ টিকাদান কেন্দ্রে নিয়ে আসেন এবং টিকা দেয়ার জন্য আবেদন জানান। টিকা প্রদানকারী কর্তৃপক্ষ টিকা প্রদানের জন্য টিকা প্রস্তুত করেন এবং ফি আদায় করেন। ফি আদায়ের পর টিকা প্রদান করেন এবং পশুর মালিকগণ পশু বাড়ি নিয়ে যান। ২। কমপক্ষে ১৫ দিন অন্তর একটি রোগের টিকা দেয়া হয়। ৩। হঠাৎ কোন রোগের প্রাদুর্ভাব দেখাদিলে জরুরী ভিত্তিতে ঐ রোগের টিকা প্রদান করা হয়। ৪। নির্দিষ্ট পশুকে নির্দিষ্ট রোগের টিকা প্রদান করা হয়।
৪.	হাঁস-মুরগীর টিকা দান	১। হাঁস-মুরগির মালিকগণ নির্দিষ্ট স্থানে হাঁস-মুরগি জমা করবেন এবং টিকা প্রদানের জন্য আবেদন করবেন। টিকা গুলানোর পর এবং মূল্য আদায়ের পর টিকা প্রদানকারী কর্তৃপক্ষ টিকা প্রদান করবেন। ২। কোন নির্দিষ্ট এলাকায় চাহিদা মোতাবেক টিকা প্রদান করা হয়ে থাকে। ৩। সরকার নির্ধারিত মূল্যে উপযুক্ত পরিবহন সাপেক্ষে হাঁস-মুরগির মালিকগণ প্রাণিসম্পদ দপ্তর থেকে টিকা ক্রয় করতে পারেন।
৫.	কৃষক / খামারী প্রশিক্ষণ	১। প্রয়োজনীয় বরাদ্দ পাওয়ার পর ভি.এফ.এ, ইউ.এল.ও এবং ইউপি মেম্বার সমন্বয়ে তালিকা প্রনয়ণ করার পর ইউপি সভা ও উপজেলা পরিষদ সভায় তালিকা অনুমোদনের পর প্রশিক্ষণের দিন, তারিখ ও সময় নির্ধারণ করা হয়। ২। প্রয়োজন অনুযায়ী অতিথি বক্তা নির্বাচন করা হয়। ৩। নির্দিষ্ট সময় প্রশিক্ষণ দেয়ার পর প্রশিক্ষণ সমাপ্ত করা হয়।
৬.	ক্ষতিপূরণ প্রদান	১। এভিয়ান ইনফ্লুয়েঞ্জা দেখা দিলে সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে হাঁস-মুরগি ধবংশ করার পর ধবংশকৃত মুরগির মালিকগণের তালিকা অনুযায়ী সরকারি ক্ষতিপূরণ দেওয়া হয়। ২। ধবংশকৃত মোরগ মুরগির তালিকা ইউএলও এবং ডিএলও এর মাধ্যমে মহাপরিচালক বরাবরে প্রেরণ করা হয়। ৩। মহাপরিচালক কর্তৃক অনুমোদনের পর প্রকল্প পরিচালকের মাধ্যমে জেলা প্রশাসক বরাবরে বরাদ্দ প্রদান করা হয়। জেলা প্রশাসক টাকা উত্তোলনের পর ইউএনও এবং ইউএলও এর মাধ্যমে ক্ষতিগ্রস্তদের মাঝে বিতরণ করেন।
৭.	ক্ষুদ্র ঋণ বিতরণ	১। প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের পর বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সরকারি নিয়ম মোতাবেক জন প্রতি হারে ঋণ প্রদান করা হয়। ২। ক্ষুদ্র ঋণ উপজেলা অফিস থেকে ও এবং বৃহদাকার ঋণ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়। ৩। খামারীগণ ঋণ পাওয়ার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর আবেদন করবেন। উপজেলা ঋনদান কমিটি কর্তৃক বাছাই করার পর ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়।
৮.	পুনর্বাসন ও উপকরণ সহায়তা প্রদান	১। দুর্যোগময় পরিস্থিতিতে/ বিশেষ পরিস্থিতিতে পুনর্বাসন ও ক্ষতিপূরণ প্রদান করা হয়। ২। সরকার কর্তৃক প্রদানকৃত/বরাদ্দকৃত অর্থ/উপকরণ অগ্রাধিকার তালিকা প্রণয়নের মাধ্যমে সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্ত খামারী/পালনকারীদের মাঝে পুনর্বাসন ও উপকরণ সহায়তা প্রদান করা হয়।

৯.	দুর্যোগকালীন সময়ে জরুরী সেবা প্রদান	দুর্যোগকালীন সময়ে জরুরী সেবা প্রদানের জন্য অপ্রাধিকার তালিকা তৈরী করা হয়। আক্রান্ত এলাকার চাহিদা মোতাবেক এবং সেবা পণ্য প্রাপ্তি সাপেক্ষে নির্দিষ্ট এলাকায় সেবা প্রদান করা হয়। প্রাকৃতিক দুর্যোগকালীন সময়ে স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও বে-সরকারি সেবামূলক প্রতিষ্ঠানের সহযোগিতায় অধিদপ্তরের জরুরী সেবা প্রদান করা হয়।
১০.	উন্নত জাতের ঘাসের চারা/বীজ বিতরণ	নির্দিষ্ট এলাকায় ঘাস চাষের জন্য নির্দিষ্ট এলাকার কৃষক নির্বাচন করা হয়। কৃষকদেরকে যথানিয়মে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণের পর বীজ/চারা বিতরণ করা হয়। বীজ/চারা বিতরণের পর ঘাসের প্লট পরিদর্শন করা হয়।
১১.	পশুখাদ্য তৈরী/বিক্রয়ের লাইসেন্স প্রদান	১। আবেদনকারী মহাপরিচালক বরাবরে আবেদন করেন। সংশ্লিষ্ট শাখা প্রধান কর্তৃপক্ষ যাচাই বাছাই করার পর নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হয়।
১২.	উন্নত প্রযুক্তি জন-সাধারণের মাঝে হস্তান্তর	গবাদিপশু পালনে উন্নত প্রযুক্তি নির্ধারিত খামারীদের নিকট হস্তান্তর করা হয়।
১৩.	গবাদি পশু-পাখির খামার রেজিস্ট্রেশন ও পরিদর্শন	গবাদি পশু-পাখির রেজিস্ট্রাড খামার নিয়মিত পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।
১৪.	পশু জবাইখানা পরিদর্শন	পশু জবাইখানা নিয়মিত পরিদর্শন করা হয়।
১৫.	টেলি-মোবাইল সার্ভিস প্রদান	টেলিফোন/মোবাইলে যেকোন সময় সমস্যা জানানোর সাথে সাথে প্রয়োজনীয় ব্যবস্থা প্রদান করা হয়।